


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.doarabazar.sunamganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০০.০০০.১৯. ২০৪

০৫ চৈত্র, ১৪২৬ ব:
তারিখ:-----
২৭ মার্চ, ২০২০ খ্রি:

বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস জনিত সংক্রমন প্রতিরোধের লক্ষ্যে বিদেশ থেকে আগত প্রবাসীরা দেশে আসার পর হতে ১৪ দিন পর্যন্ত হোম কোয়ারেন্টাইনে থাকবেন। অর্থাৎ ১৪ দিন পর্যন্ত আপনি আপনার ঘরের একটি নির্দিষ্ট রুমে থাকবেন এবং পৃথক বিছানা, প্লেট, বাটি ব্যবহার করবেন। নিজের ব্যবহায় দ্রব্য নিজে সাবান-পানি দিয়ে পরিষ্কার করবেন। আপনি অসুস্থ না হলেও আপনার পরিবারের মা-বাবা, ভাই বোন, ছোট শিশুর স্বাস্থ্য সুরক্ষায় দেশে আসার ১৪ দিন পর্যন্ত পৃথক রুমে ও প্রত্যেকের নিকট হতে অন্তত ৩ ফুট দূরত্বে অবস্থান করবেন, প্রয়োজনে আলাদা বাথরুম ব্যবহার করবেন। যে কোন স্বাস্থ্য সমস্যায় ০১৭৩০৩২৪৭৪৪/ ৩৩৩ নম্বরের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যোগাযোগ করুন। আতঙ্কিত হয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্ব-শরীরে যাওয়ার প্রয়োজন নেই। আপনার প্রয়োজনের বিষয়ে মেডিকেল টিম আপনার সাথে যোগাযোগ করবে। একই সঙ্গে সকলকে সরকারি নির্দেশনা অনুযায়ী যেকোন জনসমাগম/ জনসমাবেশ, আনুষ্ঠানিক খেলাধুলা/ওয়াজ মাহফিল/জনসমাগম হয় এমন সামাজিক অনুষ্ঠান পরিহার করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। স্কুল, কলেজ এর পাশাপাশি কোচিং সেন্টার/ব্যাচে টিউশনি বন্ধ থাকবে। সবাই পরিষ্কার-পরিচ্ছন্ন থাকুন ও বাইরের থেকে এসে ঘরে প্রবেশের পূর্বে সাবান-পানি দিয়ে হাত ধুয়ে অতঃপর ঘরে প্রবেশ করুন।



(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি
করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
ফোন:০৮৭২৬-৫৬০০৩
ই-মেইল:unodoarabazar@gmail.com

বিতরণ :

- ০১। চেয়ারম্যান.....ইউপি(সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (তাঁর ইউনিয়নে উল্লিখিত বিজ্ঞপ্তি মাইকযোগে ব্যাপক প্রচার এবং ইউনিয়নের মসজিদের ইমাম এবং মোয়াজ্জিনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০২। ফিল্ড সুপারভাইজার/ মডেল কেয়ারটেকার, ইসলামিক ফাউন্ডেশন, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তিটি মসজিদে মাইকিং করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।